দৈনিক সংবাদ

তারিখ 09 AUG 1994
পৃষ্ঠা ১২ কলাম ৩

23

# এইচএসসি'র প্রশ্নপত্রে ভুল!

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৮ই আগস্ট।- কুমিল্লা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় আজ পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়) প্রথম পত্রের যে প্রশ্নপত্র বিলি করা হয় তাতে দু'টি প্রশ্নে ভুল থাকায় পরীক্ষার্থীদের উত্তর লিখতে বিভ্রান্ত হতে হয়। অনেকেই অভিযোগ করেছে, পরিদর্শকরা এ বিষয়ে কোন মতামত বা সিদ্ধান্ত দিতে না পারায় তারা প্রশ্ন দু'টির কোন উত্তরই লিখতে পারেনি। ৩নং (ক) প্রশ্নে সংজ্ঞা লিখ ঃ ''বিস্তার এবং দশক'' এভাবে বলা হয়েছে, কিন্তু তা প্রকৃতপক্ষে হওয়া উচিত ''বিস্তার এবং দশা।'' ৭নং প্রশ্নের (গ) তে জানতে চাওয়া হয়, ''একটি ওজন থার্মোমিটার ১০ ডিগ্রী সেন্টিগ্রেডে ১১০ গ্রাম পারদ ধারণ করে। একটি গরম তরল বাথে ইহাকে স্থাপন করায় ৫ গ্রাম পারদ বাহির হইয়া গেল পারদের আপাত প্রসারাংক ০.০০০১৮/০C হইলে বাথটির উচ্চতা কত হইবে? ছাত্র ও শিক্ষকরা জানান, ওজন থার্মোমিটারের ক্ষেত্রে উচ্চতার কোন প্রয়োগ নেই। উক্ত প্রশ্নে উচ্চতার স্থলে যদি উষ্ণতা কত জানতে চাওয়া হত তাহলে তাই সঠিক ছিল।